

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২১১.২০১৭- ১৪০৮


তারিখঃ ১৮ জুন ২০১৭
০৪ আষাঢ় ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৪৮৯৬/২০১৭, বাদী ক্যাডেট কলেজ ক্লাব লিঃ, বাসা নং- ১৪, রোড নং- ৯, গুলশান- ১, ঢাকা-১২১২ -বনাম-সরকার ও অন্যান্য।

গুলশানের আবাসিক প্লট হতে বাণিজ্যিক স্থাপনা স্থানান্তরের বিষয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জারিকৃত ০২/০২/২০১৭ তারিখের ১৫২ স্মারককে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৪৮৯৬/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত উক্ত স্মারকের কার্যকারিতা ০৪ (চার) মাসের জন্য স্থগিত করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জারী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ঢাকা।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।